গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৯৮

**কাস্টমস শুধু রাজস্ব আদায় করে না, ব্যবসায়ীদের নিরাপত্তাও দেয়**
**- এনবিআর সদস্য লুৎফুল আজীম**

রাজশাহী; ১২ মাঘ (২৬ জানুয়ারি):

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য মো. লুৎফুল আজীম বলেছেন, কাস্টমস শুধু রাজস্ব আহরণ করে না, তাদের অনেকগুলো বৈচিত্রময় কাজ রয়েছে। তারা শুল্ক আদায়ের পাশাপাশি ব্যবসায়ীদের নিরাপত্তা দেয়, আমদানি-রপ্তানিতে বৈচিত্র আনে, চোরাচালান ও মানি লন্ডারিং বন্ধ করে, অবৈধ পণ্য আমদানি-রপ্তানি নিরুৎসাহিত করে এবং একই সাথে স্বাস্থ্য ও পরিবেশ সংরক্ষণের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ করে।

আজ সোমবার (২৬ জানুয়ারি) সকালে রাজশাহী জেলা পরিষদ মিলনায়তনে আন্তর্জাতিক কাস্টমস দিবস-২০২৬ উপলক্ষে রাজশাহী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

লুৎফুল আজীম বলেন, আমরা যত স্বচ্ছ হতে পারব ততো আমাদের দেশে দুর্নীতি কমে যাবে এবং আপনারা ভালো সেবা পাবেন। এই ভালো সেবার জন্য আধুনিকায়নের এবং ওয়ান স্টপ সার্ভিসের কোনো বিকল্প নাই। আমরা এখনো পেপারে কাজ করছি। যত দ্রুত সম্ভব সার্ভিসগুলো পেপারলেস ও ফেসলেস করা জরুরি। জাতীয় রাজস্ব বোর্ড অনেকগুলো আধুনিকায়ন প্রকল্প হাতে নিয়েছে, এরমধ্যে এখনই আপনারা অনলাইনে রিটার্ন জমা দিতে পাচ্ছেন, ভ্যাট রিফান্ড অনলাইনের মাধ্যমে প্রদান করা হবে। এটার জন্য আর আপনাদের অফিসে রিফান্ড ভাউচার নিয়ে আসতে হবে না। আপনার ব্যাংক একাউন্টে স্বয়ংক্রিয়ভাবে টাকা চলে যাবে।

জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য বলেন, যেহেতু এখন বৈদেশিক মুদ্রার খুব সমস্যা সেহেতু আমরা যেকোনো জিনিস আমদানি করতে চাই না। আমাদের অগ্রাধিকার দেওয়া উচিত এখানে যে ইন্ডাস্ট্রিগুলো হচ্ছে তার কাঁচামাল ও মেশিনারিজগুলোকে। এটা করলে আমাদের কর্মসংস্থান সৃষ্টি হবে, যার মাধ্যমে আমাদের দেশ লাভবান হবে। এসময় ব্যবসায়ীদের ভোগ্যপণ্য আমদানিতে নিরুৎসাহিত করেন তিনি।

তিনি আরও বলেন, শুল্কায়ন থেকে আমদানি মূল্যের যে পার্থক্য সে পার্থক্য আসলেই পরিবর্তন হওয়া দরকার। না হলে সত্যিকারের ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হবে এবং মানুষ চোরাচালানে উৎসাহিত হবে। ব্যবসায়ী এবং সরকারি কর্মচারীরা একসাথে কাজ করলে দেশ একটি স্বাধীন এবং সার্বভৌমের জায়গায় পৌঁছাবে। এসময় অনুষ্ঠানে উপস্থাপিত বিভিন্ন সমস্যা উচ্চ পর্যায়ের সকলের সাথে আলোচনা করে সমাধানের আশ্বাস দেন তিনি।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন রাজশাহী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের যুগ্ম কমিশনার মো. শাফায়েত হোসেন।

রাজশাহী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার মুহা. মাহবুবুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন রাজশাহী কর অঞ্চলের কর কমিশনার বিপ্লব ক্লান্তি দাস, বিজিবির সেক্টর কমান্ডার

কর্নেল সৈয়দ কামাল হোসেন, পুলিশ সুপার মোহাম্মদ নাঈমুল হাছান, অতিরিক্ত জেলা প্রশাসক বেলায়েত হোসেন, চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি আব্দুল ওয়াহেদ প্রমুখ। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, ব্যবসায়ী, সুধীজন এবং গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

দিবসটির এবারের প্রতিপাদ্য– 'অতন্দ্র প্রহরা আর দৃঢ় অঙ্গীকারে দেশের সুরক্ষায় কাস্টমস'।

........................................................................

রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৬/১৬:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd